দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG. 1 2 1999
পৃষ্ঠা ৫ কলাম ৬

৪২

জমিয়াতুল মোদার্রেছীন রাউজান শাখা

## ঐতিহ্যবাহী মাদ্রাসা শিক্ষা বন্ধ সরকারের স্বৈরাচারী ও ইসলামবিদ্বেষী মনোভাবের প্রমাণ

**চট্টগ্রাম ব্যুরো ঃ** বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন রাউজান শাখার নেতৃবৃন্দ বলেছেন, কলমের খোঁচায় দেশের ঐতিহ্যবাহী মাদ্রাসাসমূহ বন্ধ করে দেয়ার প্রবণতা সরকারের স্বৈরাচারী ও ইসলামবিদ্বেষী মনোভাবের প্রমাণ। সংগঠনের সভাপতি মাওলানা মোঃ হারুন, সহ-সভাপতি মাওলানা এ, এ, এম সাফওয়ানুল করিম, মাওলানা মোস্তফা নজরুল ইসলাম ও সাধারণ সম্পাদক মাওলানো মোঃ ইব্রাহীম হানিফী এক যুক্ত বিবৃতিতে বলেন, রামমোহনের এ্যাংলো-ইন্ডিয়ান কলেজ প্রতিষ্ঠারও আগে ১৯৭০ সালে কলিকাতা আলীয়া মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়। মুসলমানদের দাবীর প্রেক্ষিতে লর্ড হেস্টিংস তা প্রতিষ্ঠা করেছিলেন। সেই প্রাচীন ঐতিহ্য ধারায় এ দেশের আজকের শত শত মাদ্রাসা। আরবী ও ইসলামী শিক্ষার পাশাপাশি সাধারণ শিক্ষা ও বিজ্ঞান শিক্ষার মাধ্যমে মাদ্রাসার ছাত্রছাত্রীরা ইচ্ছা করলে এখন উকিল, ডাক্তারী, ইঞ্জিনিয়ারিং- যে কোন কিছুতেই কৃতিত্বের পরিচয় দিচ্ছে। মাদ্রাসা শিক্ষার এই অগ্রগতিকে স্তব্ধ করে দিতেই বর্তমান সরকার ষড়যন্ত্র করছে। বিবৃতিতে বলা হয়, কোন মাদ্রাসার স্বীকৃতি বা এমপিওভুক্তি বাতিলের জন্য ১৫টি ধাপ উত্তরণের প্রয়োজন রয়েছে। মাদ্রাসা বোর্ড ও পৃথক মাদ্রাসা অধিদপ্তরের মাধ্যমেই কেবল এই শিক্ষার উন্নয়ন সম্ভব। তা না করে সরকার কলমের খোঁচায় যেভাবে মাদ্রাসা বন্ধ করে দেয়ার প্রক্রিয়া শুরু করেছে।